

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৯৬৭

৩০/ কলহ-বিপর্যয় - ফিতনা (كتاب الفتن)

পরিচ্ছেদঃ ৩০/১২. কলহ-বিপর্যয় চলাকালে রসনা সংযত রাখা

بَابِ كُفِّ اللِّسَانِ فِي الْفِتْنَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُعَاوِيَةَ الْجُمَحِيُّ، حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ لَيْثٍ، عَنْ طَاوُسٍ، عَنْ رَيَادٍ، سِيمِينْ كُوشْ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم _ " تَكُونُ فِتْنَةٌ تَسْتَنْظِفُ الْعَرَبَ قَتْلاَهَا فِي النَّارِ اللِّسَانُ فِيهَا أَشَدُّ مِنْ وَقْعِ السَّيْفِ " .

বাংলা

১/৩৯৬৭। আবদুল্লাহ ইবনে আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ এমন এক ফিতনার উদ্ভব হবে, যা সমগ্র আরবকে গ্রাস করবে। এই ফিতনায় নিহত ব্যক্তিরা হবে জাহান্নামী। তখন জিহবা হবে তরবারির চেয়েও মারাত্মক।

English

It was narrated from 'Abdullah bin 'Amr that the Messenger of Allah (ﷺ) said:

"There will be a tribulation which will utterly destroy the Arabs, and those who are slain will be in Hell. At that time the tongue will be worse than a blow of the sword."

ফুটনোট

তিরমিয়ী ২১৭৮, আবূ দাউদ ৪২৬৫, আহমাদ ৬৯৪১, যইফাহ ৩২২৯, যইফ আল-জামি' ২৪৭৫। তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী ১. লায়স সম্পর্কে ইমাম বুখারী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। আহমাদ বিন হাম্বল বলেন, মুদতারাবুল হাদিস। ইয়াহইয়া বিন মাঈন, আবু যুরআহ ও আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি দুর্বল। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৫০১৭, ২৪/২৭৯ নং পৃষ্ঠা) ২. যিয়াদ সায়মীনকুশ সম্পর্কে ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাকবুল। তাহরীরু তাকরীবুত তাহয়ীব এর লেখক বলেন,



তিনি দুর্বল, তার উপর নির্ভর করা যায়না। (তাহযীবুল কামালঃ রাবী নং ২০৪৯, ৯/৪৭৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন